# ঢাকায় ১০ মাসে ১৯৮ হত্যাকাণ্ড নথিভুক্ত: ডিএমপি



সংগৃহীত ছবি

ঢাকা মহানগরে চলতি বছরের প্রথম ১০ মাসে মোট ১৯৮টি হত্যাকাণ্ড রেকর্ড করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। মঙ্গলবার (১৮ নভেম্বর) সকালে এক সংবাদ ব্রিফিংয়ে ডিএমপির মুখপাত্র ও উপ-পুলিশ কমিশনার তালেবুর রহমান এ তথ্য প্রকাশ করেন।

তিনি জানান, মাসিক গড়ে ২০টির মতো হত্যার ঘটনা ঘটছে রাজধানীতে। এসব ঘটনার উল্লেখযোগ্য অংশই তদন্তের মাধ্যমে উদ্ঘাটন করা সম্ভব হয়েছে বলে দাবি করেন তিনি। ডিএমপির বিভিন্ন ইউনিট সমন্বিতভাবে কাজ করায় হত্যাকাণ্ডের বেশকিছু মামলায় দ্রুত অগ্রগতি এসেছে বলেও জানান তালেবুর রহমান।

পল্লবীতে যুবদল নেতা গোলাম কিবরিয়া হত্যা প্রসঙ্গে তিনি বলেন, ঘটনাটিকে অত্যন্ত গুরুত্ব দিয়ে তদন্ত করা হচ্ছে। ইতোমধ্যে একজন সন্দেহভাজনকে গ্রেফতার করা হয়েছে এবং অন্য দুইজন পলাতক আসামিকে গ্রেফতারের চেষ্টা চলছে। তাদের গ্রেপ্তার হলে হত্যার কারণ ও পরিকল্পনা সম্পর্কে পূর্ণাঙ্গ চিত্র উঠে আসবে বলে আশা প্রকাশ করেন তিনি।

তালেবুর রহমান আরও জানান, কিবরিয়া হত্যার ঘটনায় এখনো পরিবারের পক্ষ থেকে কোনো মামলা দায়ের করা হয়নি, তবে পুলিশ নিজ উদ্যোগে তদন্ত প্রক্রিয়া অব্যাহত রেখেছে।

LENS ASIA